(একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
কিশোরগঞ্জ, নীলফামারী

স্মারক নং- ০৫.৪৭.৭৩৪৫.০০১.০০১.২৪-১০৩৮ তারিখ: ১৮ সেপ্টেম্বর ২০২৫

## সভার নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **অনিবার্য কারণবশত** আগামী ২২ সেপ্টম্বর ২০২৫ খ্রিঃ সোমবার সকাল ১১.৩০ ঘটিকায় এর পরিবর্তে আগামী ২৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ মঙ্গলবার সকাল ১১.৩০ ঘটিকায় উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে নিম্নস্বাক্ষরকারী-এর সভাপতিত্বে সেপ্টেম্বর/২০২৫ খ্রিঃ এর মাসিক সমন্বয় সভার অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভায় সকল সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য বিষয়:**
০১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন
০২। বিভিন্ন বিভাগীয় কার্যক্রম আলোচনা
০৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রসঙ্গে আলোচনা
০৩। বিবিধ

১৮.৯.২৫

**(প্রীতম সাহা)**
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

০১। জেলা প্রশাসক, নীলফামারী
০২। চেয়ারম্যান, বড়ভিটা/পুটিমারী/নিতাই/বাহাগিলি/চাঁদখানা/কিশোরগঞ্জ/রনচন্ডি/গাড়াগ্রাম/মাগুড়া ইউ.পি কিশোরগঞ্জ, নীলফামারী
০৩। ................................................................কিশোরগঞ্জ, নীলফামারী
০৪। অফিস কপি

# কিশোরগঞ্জ উপজেলা পরিষদের সেপ্টেম্বর /২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব প্রীতম সাহা, প্রশাসক, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কিশোরগঞ্জ।

তারিখ : ২৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ
সময় : ১১.৩০ ঘটিকা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' ও 'খ' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। শুনানী অন্তে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগীয় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় রোপনকৃত আমন ধানের মধ্যে ৭৮৫ হেক্টর জমির ধান কর্তন হয়েছে। সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রীকীকরন প্রকল্পের আওতায় ভর্তুকীতে বিতরণকৃত কম্পাইন হার্ভেস্টার দিয়ে কৃষকরা ধান কর্তন করছে। ইতিমধ্যে গত ২২ সেপ্টেম্বর ২০২৫ খ্রি: তারিখে অত্র উপজেলায় ১০৫ শতক জমিতে এই মৌসুমে সর্বপ্রথম আলু রোপন হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা (ভাঃপ্রঃ) সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সকল কার্যক্রম সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। বহিঃবিভাগে রোগীর সংখ্যাঃ ১২০৮৯ জন, অন্তঃ বিভাগে রোগীর সংখ্যাঃ ১১৮৬ জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যাঃ ১১৪৭ জন, ০২ টি উপ-স্বাস্থ্য কেন্দ্রের রোগীর সংখ্যাঃ ৭১৪ জন, ৩৫ টি কমিনিটি ক্লিনিকের রোগীর সংখ্যাঃ ১০৯৬৪ জন, স্বাভাবিক ডেলিভারীর সংখ্যাঃ ৩৩ জন, সিজার ০৩ জন, এক্সরে রোগীর সংখ্যাঃ ৩৫ জন, আলট্রাসনোগ্রাম ০৫ জন, ইসিজি রোগীর সংখ্যাঃ ০৮ জন, ডায়রিয়া রোগীর সংখ্যাঃ ১৭৪ জন। ল্যাবরেটরী পরীক্ষাঃ (ক) মল-০০ (খ) মূত্র-১৮৫ (গ) রক্তের রুটিন পরীক্ষা-১১৯ (ঘ) রক্তের গ্রুপ-৩০ (ঙ) রক্তের সুগার- ১১০ (চ) ভেডাল টেস্ট-৬৫ (ছ) প্রেগনেনসী টেস্ট-১২ (ঞ) ডেঙ্গু পরিক্ষা ০৭ (ট) অন্যান্য-৪৫, যক্ষার কফ পরীক্ষা- ৫৩৫ জন, যক্ষার চিকিৎসার আওতায় ৬০ জন, সন্দেহভাজন যক্ষা রোগীর সংখ্যা-৫৩৫ জন। আগামী ১২ অক্টোবর/২০২৫ হতে টিসিভি কার্যক্রম শুরু হবে এ ব্যাপারে রেজিষ্টেশনে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা কামনা করছি। | সরকারী নির্দেশনা মোতাবেক দপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, সংশ্লিষ্ট সকল |
| ০৩ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী ২০২৫-২৬ অর্থবছরে ১ম কিস্তি বাবদ ২৪.১২ লক্ষ টাকা পাওয়া যায়। ইউনিয়ন ভিত্তিক/ অন্যান্য আন্ত ইউনিয়ন প্রকল্প প্রস্তাব পেলে প্রকল।প যাচাই-বাচাই ও বাস্তবায়ন করা হবে। জেলা প্রশাসক সম্মেলন-২০২৫ এর সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা পরিষদের বাসভবনসমূহ বরাদ্দের লক্ষ্যে "উপজেলা পরিষদ বাসা বরাদ্দ কমিটি" এর সদস্য হিসেবে উপজেলা পরিষদ কর্তৃক ০১ (এক) জন কর্মকর্তা মনোনয়ন করা প্রয়োজন, এ ক্ষেত্রে উপজেলা দারিদ্র বিমোচন অফিসার কে মনোনয়ন দেয়া যেতে পারে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয় ও উপজেলা পরিষদ বাসা বরাদ্দ কমিটিতে সদস্য হিসেবে দারিদ্র বিমোচন অফিসারকে মনোনীত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | ক) উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল। |
| ০৪ | প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান, ৫০ বা ১০০ শিক্ষার্থীর নীচে যে সব বিদ্যালয় রয়েছে তাদের তালিকাভুক্ত করে কিছু সুনিদৃষ্ট নির্দেশনা দেয়া হয়েছে যথা- ক্যাচমেন্ট এলাকার শিশু জরিপ ১৫ নভেম্বর ২০২৫ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করা এবং ২০ নভেম্বর ২০২৫ খ্রি: তারিখের মধ্যে উপস্থাপন করা এবং ডিসেম্বর ২০২৫ খ্রি: মাস থেকেই ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা। এ ছাড়াও এখন থেকে শুরু করে ২০ কর্মদিবস পরপর মা সমাবেশ এবং অভিভাবক সমাবেশের আয়োজন করা। রিডিং ও রাইটিং এ শিশুদের দক্ষতা অর্জনে শ্রেনীকক্ষে শিক্ষক ঠিজি অনুসরণ করে পাঠদান করবেন এবং নিয়মিত হোমওর্য়াক দিবেন। এছাড়াও বিভিন্ন রকম সহশিক্ষা ক্রমিক বাস্তবায়ন করবেন, যথা- কাবিং, খেলাধুলা, বনভোজন প্রভৃতি। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধমিক শিক্ষা অফিস ও সংশ্লিষ্ট সকল। |
| ০৫ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এর প্রতিনিধি সভায় জানান, টাইফয়েড ভ্যাকসিন রেজিস্ট্রেশন কার্যক্রম দ্রুত সম্পন্ন করার জন্য প্রতিষ্ঠান গুলিকে বিভিন্ন মাধ্যমে জোর তাগিদ দেয়া হচ্ছে। যা চলমান। উপজেলার অনেক প্রতিষ্ঠানে অভিভাবক সমাবেশ বা বিভিন্ন অনুষ্ঠান অনুষ্ঠিত হচ্ছে। সেখানে স্যার আপনার আন্তরিকতাপূর্ণ উপস্থিতি ও প্রতিষ্ঠানগুলিতে গঠনমূলক পরামর্শ প্রতিষ্ঠান গুলোতে পজেটিভ প্রভাব পরছে যা উপজেলার সকল প্রতিষ্ঠানে বিস্তার লাভ করতেছে। স্যার প্রতিষ্ঠান গুলোতে আপনার আন্তরিকতাপূর্ণ উপস্থিতির জন্য | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধমিক শিক্ষা অফিস ও সংশ্লিষ্ট সকল। |

<table>
<tr><td></td><td></td><td>মাধ্যমিক শিক্ষার গুনগতমান অগ্রগতি হচ্ছে। কেশবা ফাজিল মাদ্রাসায় বাউন্ডারী ওয়াল পকেট গেট ছাড়া হচ্ছে এজন্য প্রতিষ্ঠানটিতে শিক্ষার পরিবেশ সুন্দর হবে এবং পরিক্ষাকেন্দ্র হিসেবে প্রতিষ্ঠানটি বেশ নিরাপদ হবে। এজন্য আপনাকে অগ্রীম ধন্যবাদ। শিক্ষার্থীর ঝড়ে পড়া বিষয়ে আপনার পরামর্শমত কাজ চলমান রয়েছে যা অব্যাহত থাকবে। বিদ্যালয় নিয়মিত পরিদর্শনসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান রয়েছে। বিদ্যালয়ে নিয়মিত পরিদর্শন সহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।</td><td></td><td></td></tr>
<tr><td>০৬</td><td>উপজেলা সমাজ সেবা অফিস</td><td>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, বয়স্ক ভাতা- ১৪৩০৯ জন, বিধবাও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা-৭৩১৯ জন, প্রতিবন্ধি ভাতা-৭৬০০জনকে, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা-৭৪জন, হিজরা ভাতা-৩জন এর ২০২৫-২০২৬ অর্থ বছরের ১ম কিস্তির পে-রোল প্রদান করাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে।</td><td>সরকারী নির্দেশনা মোতাবেক দপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য<br>অনুরোধ করা হয়।</td><td>উপজেলা সমাজসেবা ও সংশ্লিষ্ট সকল।</td></tr>
<tr><td>০৭</td><td>উপজেলা প্রাণিসম্পদ অফিস</td><td>উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রাসরণ (এপিএ) অনুযায়ী প্রদান তরল সিমেন দ্বারা ২৫.১৬%, হিমায়িত সিমেন দ্বারা ২৭.১৪%, গবাদি পশুর (সংখ্যা) ২৫.৩১%, হাঁস মুরগী (সংখ্যা) ০৮.৪৮%,গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা) ২৫.০৬% ,হাঁস মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা) ২৬.৮৭% খামারী প্রশিক্ষণ প্রদান ০%, পোষাপ্রানীর চিকিৎসা প্রদান ২৫%, উঠান বৈঠক ২৩.২১%, ডিম উৎপাদন ১৭.৫৪%, দুধ উৎপাদন ২৬.২৭% ও অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে চলমান রয়েছে।</td><td>সরকারের লক্ষ্য বাস্তবায়নে কাজ করার জন্য পরার্মশ দেয় হয়।</td><td>প্রাণী সম্পদ অফিসার ও সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>০৮</td><td>পল্লী উন্নয়ন অফিস</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। দপ্তরের সাংগটনিক কার্যক্রম যেমন ঋণ বিতরণ, আদায়, সঞ্চয়, সংগ্রহ, শেয়ার, আমানত সংগ্রহ, নতুন সদস্য ভর্তিসহ সার্বিক কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে চলমান।</td><td>বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিস ও সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>০৯</td><td>প্রকল্প বাস্তবায়ন অফিস</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, বরাবরের ন্যায় সংশ্লিস্ট ইউপি চেয়ারম্যান (সকল) নিজ নিজ ইউনিয়ন দূর্যোগ ব্যবস্থাপনা কমিটি হালনাগাদ করে সভা অনুষ্ঠান পূর্বক কার্যবিবরনী পুনরায় দাখিলের জন্য অনুরোধ করা হলো। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে।</td><td>সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়।</td><td>প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>১০</td><td>যুব উন্নয়ন অফিস</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,<br><table>
<tr><th>কর্মসূচীর নাম</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অগ্রগতি</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>প্রশিক্ষণ</td><td>৪২০ জন</td><td>০</td><td>বাজেট না থাকায় প্রশিক্ষণ শুরু করা সম্ভব হয়নি। চলতি মাসের শেষের দিকে ০৭ দিনের ১ টি ব্যাচ প্রশিক্ষণ প্রদান করা হবে।</td></tr>
<tr><td>আত্নকর্ম সংস্থান</td><td>৯৭ জন</td><td>২৩ জন</td><td></td></tr>
<tr><td>ঋণদান কর্মসূচী</td><td>৮০,৫০,০০০/- টাকা</td><td>১৩,৭০,০০০/- টাকা</td><td>ঋণ কর্মসূচী চলমান। বাজেট সাপেক্ষে প্রতিমাসে ঋণ প্রদান করা হবে।</td></tr>
<tr><td>সংগঠন রেজিষ্ট্রেশন</td><td>০২ টি</td><td>০১ টি চলমান</td><td>-</td></tr>
</table>
রেজিট্রেশনকৃত সংঘটনের সংখ্যা-১৪ (চৌদ্দ) টি। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে</td><td>সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>১১</td><td>মহিলা বিষয়ক অফিস</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অতিঃদা) সভায় জানান যে, অত্র অফিসের মাধ্যমে বাল্য বিবাহ, নারী নির্যাতন প্রতিরোধে নিয়মিত উঠান বৈঠক হচ্ছে। ভিডব্লিউবি ২০২৫-২৭ চক্রের কার্ড বিতরণ ও খাদ্য বিতরণ চলমান রয়েছে। অভিযোগকৃত কার্ডগুলো তদন্ত সাপেক্ষে বিতরন করা হবে। মাও শিশু সহায়তা কর্মসূচির আওতায় অত্র উপজেলার ০৯ টি ইউনিয়নের জন্য বরাদ্দ পাওয়া গিয়েছে। নীতিমালা মোতাবেক ভোতাভোগী নির্বাচন করা হবে</td><td>বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়।</td><td>মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল</td></tr>
<tr><td>১২</td><td>খাদ্য নিয়ন্ত্রক অফিস</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার সভায় জানান যে, খাদ্য বান্ধব/ওএমএস ডিলার নিয়োগ দ্রুত করতে এ বিষয়ে মহোদয় সদয় দৃস্টি আকর্ষণ করছে। চলতি মাসের খাদ্য বান্ধব ডিলার এর চাল জনগণের মাঝে বিতরণ সম্পন্ন হয়েছে। ওএমএস এর মাধ্যমে খোলা বাজারে ২৪/- (ছব্বিশ) টাকা দরে সরকার আটা বিক্রয়ের কার্যক্রম চলমান আছে। ওএমএস আটা বিক্রিয় নিজস্ব ব্যবস্থাপনায় চলমান আছে। এটা সর্ব্বোচ্চ নিজস্ব ব্যবস্থাপনায় ০২ মাস চালানো যাবে।অন্যান্য কার্যক্রম সুষ্টুভাবে চলমান রয়েছে।</td><td>সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা ও সংশ্লিস্ট সকল।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় সমিতিসমূহ নিয়মিত শেয়ার, সঞ্চয় সংগ্রহের মাধ্যমে মূলধন গঠন করে তাদের আর্থ-সামাজিক উন্নয়ন ঘটাচ্ছে।সমবায় অফিস নিয়মিত অডিট, সমিতি তদারকি ও সমবায়ীদের কে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কার্যক্রম অব্যাহত রেখেছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪ | আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান যে, উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয় কিশোরগঞ্জ,নীলফামারী এর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। শারদীয় দূর্গাপুজা/২০২৫ খ্রি: উপলক্ষ্যে আইন-শৃঙ্খলা রক্ষার্থে নিয়মিত দায়িত্ব পালন চলমান। বর্তমানে বিভিন্ন প্রশিক্ষণ বন্ধ রয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | আনসার ভিডিপি অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ১৫ | উপজেলা পাট অফিস | উপজেলা পাট উপসহকারী কর্মকর্তা সভায় জানান যে, ২০২৫-২৬ অর্থবছরে নির্বাচিত পাটবীজ উৎপাদনকারী চাষীদের দিনব্যাপী প্রশিক্ষণের জন্য ০৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রি: তারিরখে ৭৫ জন পাটবীজ উৎপাদনকারী চাষীর প্রশিক্ষণের জন্য বরাদ্দ পাওয়া গেছে। নাবী পাটবীজ উৎপাদনকারী ৭৫ জন চাষীর তালিকা উপজেলা কমিটি অনুমোদন করে পাট অধিদপ্তরে প্রেরণ করতে হবে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পাট অফিস ও সংশ্লিষ্ট সকল |
| ১৬ | পরিসংখ্যান অফিস | উপজেলা সহকারী পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, আগামী ২০ অক্টোবর ২০২৫ খ্রি: তারিখ বিশ্ব পরিসংখ্যান দিবস ও জাতীয় পরিসংখ্যান দিবস একই দিনে উৎযাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। চলতি অর্থবছরে নৌ পরিবহন অধিদপ্তরে অনুরোধে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো নৌ শুমারি আয়োজন করবে। অত্র উপজেলায় নৌকা ঘাট না থাকায় নৌ শুমারি হবে না। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | পরিসংখ্যান অফিস ও সংশ্লিষ্ট সকল। |
| ১৭ | বিবিধ | বড়ভিটা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, উপজেলা পরিষদের পুরাতন অডিটেরিয়াম দীর্ঘদিন থেকে মেরামত/সংস্কার না করায় ব্যবহার অনউপযোগী অবস্থায় আছে। আসন্ন জাতীয় সংসদ নির্বাচন ও অন্যান্য নির্বাচনে দায়িত্ব প্রাপ্ত আইন-শৃঙ্খলা বাহিনী (সেনাবাহিনী/বিজিবি) অবস্থান করেন। জরুরিভাবে মেরামত/সংস্কার করা প্রয়োজন। উপজেলা পরিষদের অভ্যন্তরের নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে সিসি ক্যামেরা স্থাপন করার প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের পুরাতন অডিটেরিয়াম জরুরিভাবে মেরামত/সংস্কার ও উপজেলা পরিষদের অভ্যন্তরে সিসি ক্যামেরা স্থাপনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। প্রকল্প ০২ টি উপজেলা উন্নয়ন (রাজস্ব) তহবিলের অর্থায়নে প্রকল্প কমিটি ও আরএফকিউ এর মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ১৮ | উপজেলা রাজস্ব তহবিল | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, প্রশাসনিক ভবন ও কোয়াটারের অভ্যন্তরে বৈদ্যুতিক সরঞ্জামদি ৪৬২০/-(চার হাজার ছয়শত বিশ) টাকা। উপজেলা কোয়াটারের ০২ (সহকারী কমিশনার ভূমি) বাসার রংকরণ বাবদ ব্যয়-৪২,৩৪০/-(বিয়াল্লিশ হাজার তিনশত চল্লিশ) টাকা, বাসা নং-৪/সি এর দরজা ও চৌকাঠ মেরামত ব্যয়-৭৪৩০/-(সাত হাজার চারশত ত্রিশ) টাকা অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়। | ব্যয়সমূহ অত্যাবশ্যকীয় ও যৌক্তিক হওয়ায় সমন্বয়ের জন্য অনুমোদন দেয়া হয়। | সংশ্লিষ্ট সকল। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

Saha
২৩.৯.২৫
(প্রীতম সাহা)
প্রশাসক
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ,নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**কিশোরগঞ্জ, নীলফামারী**
unokishoreganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০৪১.২৪-**১০৬৫** তারিখঃ ২৩/০৯/২০২৫ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০৪। জেলা প্রশাসক, নীলফামারী
০৫। উপজেলা ........................................... কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী
০৬। চেয়ারম্যান ........................................... (সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী

Saha
২৩.৯.২৫
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী

## কিশোরগঞ্জ উপজেলা পরিষদের সাধারণ সভার হাজিরা সীট।

তারিখ ২৩/০৯/২০২৫ খ্রি:

| ক্রমিক নং | নাম ও পদবি | স্বাক্ষর | স্বাক্ষর (পক্ষে প্রতিনিধি) | (অনুপস্থিতির মন্তব্য) |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী | | | |
| ০২ | চেয়ারম্যান<br>বড়ভিটা ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৩ | চেয়ারম্যান<br>পুটিমারী ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৪ | চেয়ারম্যান<br>নিতাই ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৫ | চেয়ারম্যান<br>বাহাগিলি ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | 23-9-25 | | |
| ০৬ | চেয়ারম্যান<br>চাঁদখানা ইউপি ,কিশোরগঞ্জ, | | | |
| ০৭ | চেয়ারম্যান<br>কিশোরগঞ্জ ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ০৮ | চেয়ারম্যান<br>রণচন্ডী ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ০৯ | চেয়ারম্যান<br>গাড়াগ্রাম ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | চেয়ারম্যান<br>মাগুড়া ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ১১ | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১২ | উপজেলা কৃষি অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৩ | উপজেলা প্রকৌশলী<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৪ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৫ | উপজেলা মৎস্য অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৬ | উপজেলা শিক্ষা অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৭ | উপজেলা সমাজসেবা অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা<br>অফিসার,কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৯ | উপজেলা পরিবার পরিকল্পনা<br>অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২২ | উপজেলা সমবায় অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার,কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৫ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কিশোরগঞ্জ,নীলফামারী | | | |
| ২৭ | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৮ | উপ বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৯ | উপ সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩০ | উপজেলা পরিসংখ্যান অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩১ | ফরেষ্টার, সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্র কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩২ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা কিশোরগঞ্জ, নীলফামারী | | | |
| ৩৩ | তথ্য আপা | | | |
| ৩৪ | উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) | | | |
| ৩৫ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক কিশোরগঞ্জ, নীলফামারী | | | |